[redacted]

[redacted]

শিক্ষার্থীদের উদ্দেশে বক্তারা আরও বলেন, শিক্ষাবৃত্তির এই সহযোগিতাকে কাজে লাগিয়ে নিজেদের যোগ্য ও দক্ষ নাগরিক হিসেবে গড়ে তুলতে হবে। শুধু প্রাতিষ্ঠানিক পড়াশোনায় সীমাবদ্ধ না থেকে সহশিক্ষা কার্যক্রম, সামাজিক উদ্যোগ ও সাংস্কৃতিক কর্মকাণ্ডেও সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে নিজেদের প্রতিভার বিকাশ ঘটাতে হবে।

সভাপতির বক্তব্যে ওয়েস্টার্ন ইঞ্জিনিয়ারিং গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক বশির আহমেদ বলেন, “উচ্চশিক্ষা অর্জনে অর্থ যেন বাধা হয়ে না দাঁড়ায় এবং মেধাবীরা যেন নিজেদের যোগ্যতা অনুযায়ী দেশের স্বনামধন্য শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে জায়গা করে নিতে পারে, সেই লক্ষ্যেই সাত বছর আগে ওয়েস্টার্ন ইঞ্জিনিয়ারিং গ্রুপের পক্ষ থেকে আলহাজ্ব বেলায়েত হোসেন শিক্ষাবৃত্তি চালু করি। জেনে ভালো লাগছে, আমাদের এই বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অনেকেই এখন মেডিকেল, প্রকৌশল, কৃষিসহ বিভিন্ন বিষয়ে দেশের স্বনামধন্য শিক্ষাপ্রতিষ্ঠানে পড়াশোনা করছে। তাদের উচ্চশিক্ষার স্বপ্নপূরণে সামান্য সহযোগিতা নিয়ে পাশে থাকতে পেরে আমরা গর্বিত।”

অনুষ্ঠান সঞ্চালনা করেন স্বপ্নশীলনের নির্বাহী পরিচালক হাফিজ আল আসাদ। শুরুতে স্বাগত বক্তব্য দেন লেখক, সংগঠক ও বাংলাদেশ ব্যাংকের যুগ্মপরিচালক নাজমুল হুদা। ধন্যবাদ জ্ঞাপন করেন শিক্ষাবৃত্তি কার্যক্রমের আহ্বায়ক ও জাতীয় ক্রীড়া সংগঠক মো. আমিরুল ইসলাম।

অনুষ্ঠানে সংশ্লিষ্টরা শিক্ষার্থীদের কল্যাণে বৃত্তি কার্যক্রমকে আরও সহজ, প্রযুক্তিবান্ধব ও ফলপ্রসূ করার ওপর গুরুত্বারোপ করেন। তাঁদের মতে, প্রযুক্তিনির্ভর ব্যবস্থাপনা, বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অগ্রগতি পর্যবেক্ষণ এবং উচ্চশিক্ষা ও ক্যারিয়ারবিষয়ক দিকনির্দেশনা যুক্ত করা গেলে এ উদ্যোগের ইতিবাচক প্রভাব আরও বিস্তৃত হবে।

শিক্ষাবৃত্তির এ আয়োজন মেধাবী শিক্ষার্থীদের স্বীকৃতি দেওয়ার পাশাপাশি তাঁদের উচ্চশিক্ষার স্বপ্ন বাস্তবায়নে বেসরকারি উদ্যোগের একটি উল্লেখযোগ্য দৃষ্টান্ত হিসেবে বিবেচিত হচ্ছে।

কুষ্টিয়ায় কৃতি শিক্ষার্থীদের আইজিপি শিক্ষাবৃত্তি প্রদান

বাংলাদেশ অবসরপ্রাপ্ত পুলিশ অফিসার্স কল্যাণ সমিতির উদ্যোগে এসএসসি ও এইচএসসি-২০২৬ পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত কৃতি শিক্ষার্থীদের মাঝে আইজিপি শিক্ষাবৃত্তি প্রদান ও অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (২০ মে) দুপুর ১২টায় কুষ্টিয়া পুলিশ লাইন্স স্কুল অ্যান্ড কলেজের সম্মেলন কক্ষে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়া জেলার পুলিশ সুপার ও পুলিশ লাইন্স স্কুল অ্যান্ড কলেজের সভাপতি মোহাম্মদ জসীম উদ্দিন, পিপিএম (বার)।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, “আজকের এই মেধাবৃত্তি শিক্ষার্থীদের সামনে এগিয়ে যাওয়ার অনুপ্রেরণা জোগাবে। দেশ উন্নত ও সমৃদ্ধ হলে তবেই মা-বাবার ত্যাগ ও পরিশ্রম সফল হবে। শিক্ষার্থীদের শুধু ভালো ফলাফল করলেই হবে না, দেশ ও সমাজের কল্যাণে নিজেদের গড়ে তুলতে হবে।”

তিনি আরও বলেন, “প্রাতিষ্ঠানিক শিক্ষার পাশাপাশি খেলাধুলা, সাংস্কৃতিক কর্মকাণ্ড ও অন্যান্য সহপাঠক্রমিক কার্যক্রমেও অংশগ্রহণ করতে হবে। তাহলেই একজন শিক্ষার্থী প্রকৃত অর্থে যোগ্য নাগরিক হিসেবে গড়ে উঠতে পারবে।”

অনুষ্ঠানের শেষপর্বে জিপিএ-৫ প্রাপ্ত কৃতি শিক্ষার্থীদের হাতে সম্মাননা ক্রেস্ট, সনদপত্র ও নগদ অর্থ তুলে দেন অতিথিরা।

এসময় উপস্থিত ছিলেন অবসরপ্রাপ্ত সহকারী পুলিশ সুপার ও সভাপতি (বিআরপিওডব্লিউএ) কুষ্টিয়া বীর মুক্তিযোদ্ধা মো. মওলা বকস, অবসরপ্রাপ্ত সহকারী পুলিশ সুপার ও সেক্রেটারি (বিআরপিওডব্লিউএ) কুষ্টিয়া মো. শহিদুল্লাহ, পুলিশ লাইন্স স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ মো. নাজমুল আরেফিন, শিক্ষক-শিক্ষিকা, অভিভাবক ও শিক্ষার্থীরা।

অনুষ্ঠানটি প্রাণবন্ত ও উৎসবমুখর পরিবেশে অনুষ্ঠিত হয়। এতে অংশ

নেওয়া শিক্ষার্থী ও অভিভাবকরা এ ধরনের উদ্যোগকে সময়োপযোগী ও শিক্ষার্থীদের জন্য উৎসাহব্যঞ্জক বলে অভিমত প্রকাশ করেন।

কুষ্টিয়ায় ওয়েস্টার্ন ইঞ্জিনিয়ারিং এর উদ্যোগে শিক্ষাবৃত্তি প্রদান

কুষ্টিয়ায় ওয়েস্টার্ন ইঞ্জিনিয়ারিং-এর পৃষ্ঠপোষকতায় আলহাজ্ব বেলায়েত হোসেন ফাউন্ডেশন-এর উদ্যোগে শিক্ষাবৃত্তি প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

সম্প্রতি কুষ্টিয়া শহরের দিশা টাওয়ার মিলনায়তনে আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক মোঃ আমজাদ হোসেন খান।

ওয়েস্টার্ন ইঞ্জিনিয়ারিং-এর ব্যবস্থাপনা পরিচালক ও আলহাজ্ব বেলায়েত হোসেন ফাউন্ডেশন-এর প্রধান পৃষ্ঠপোষক আলহাজ্ব মোঃ বশির আহমেদের সভাপতিত্বে এবং সদস্য হাফিজ আল আসাদের সঞ্চালনায় বক্তব্য রাখেন অর্থ মন্ত্রণালয়ের যুগ্ম সচিব আনোয়ারুল কবির, ময়মনসিংহের কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার বিজ্ঞান বিভাগের ডিন ও অধ্যাপক শেখ সুজন আলী, ওয়েস্টার্ন ইঞ্জিনিয়ারিং-এর চেয়ারম্যান নার্গিস আহমেদ, ইসলামী বিশ্ববিদ্যালয়ের উপ-রেজিস্ট্রার আব্দুর রশীদ বকুল এবং জাতীয় সাঁতার প্রশিক্ষক আমিরুল ইসলাম।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ফাউন্ডেশনের সমন্বয়ক ও বাংলাদেশ ব্যাংকের উপপরিচালক নাজমুল হুদা।

বক্তারা বলেন, আলহাজ্ব বেলায়েত হোসেন ফাউন্ডেশন সমাজের অসহায়, দুস্থ ও অনগ্রসর শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি প্রদানসহ শিক্ষা ও সংস্কৃতির মানোন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। ফাউন্ডেশন থেকে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা উচ্চশিক্ষায় শিক্ষিত হয়ে দেশ ও

জাতির কল্যাণে আত্মনিয়োগ করবে। ভবিষ্যতে তারাও দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের পাশে দাঁড়িয়ে সমাজ পরিবর্তনে ইতিবাচক ভূমিকা রাখবে। বক্তারা আরও বলেন, আগামী প্রজন্মকে মেধা ও মননে আলোকিত করতে হলে মেধাবী শিক্ষার্থীদের পাশে দাঁড়াতে হবে।

সভাপতির বক্তব্যে ওয়েস্টার্ন ইঞ্জিনিয়ারিং-এর ব্যবস্থাপনা পরিচালক আলহাজ্ব মোঃ বশির আহমেদ বলেন, “পিতার নামে শিক্ষা ও চিকিৎসা সহায়তাসহ বিভিন্ন সামাজিক কাজে আত্মনিয়োগ করার চেষ্টা করেছি, আজকের এই উদ্যোগ তারই একটি অংশ। আমি জানি এসএসসি পাসের পর উচ্চশিক্ষার জন্য এই অর্থ অনেক বেশি কিছু নয়। তারপরও মেধাবী শিক্ষার্থীরা যেন উৎসাহ পায়, উচ্চশিক্ষায় এগিয়ে যেতে পারে এই লক্ষ্যেই এ উদ্যোগ নেওয়া হয়েছে।”

তিনি আরও বলেন, “এ বছর ৫০ জন শিক্ষার্থীকে ১০ লাখ টাকার বৃত্তি দেওয়া হয়েছে। ভবিষ্যতে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা আরও বাড়ানোর পরিকল্পনা রয়েছে। মানসম্পন্ন শিক্ষা প্রতিষ্ঠান গড়ার ইচ্ছাও রয়েছে। এছাড়াও মেডিকেল কিংবা বুয়েটে ভর্তির মতো উচ্চশিক্ষায় প্রয়োজনীয় সহায়তা লাগলে বেলায়েত হোসেন ফাউন্ডেশন পাশে থাকবে।”

অনুষ্ঠানে কুষ্টিয়া জেলার এসএসসি ও সমমানের ২০২৩ সালের পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত জেলার ৬টি উপজেলার বাছাইকৃত ৫০ জন শিক্ষার্থীকে জন প্রতি ২০ হাজার টাকা করে মোট ১০ লাখ টাকার চেক প্রদান করা হয়।

অনুষ্ঠানে ফাউন্ডেশনের সদস্যবৃন্দ, শিক্ষাবিদ, সুধীজন এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

মুজিবনগরে মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদান

মেহেরপুরের মুজিবনগরে শিক্ষার মান উন্নয়নে শিক্ষা ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করছে গোপালনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন

লি:। প্রতিবছর ক্রেডিট ইউনিয়নের সদস্যদের বিদ্যালয়ে অধ্যয়নরত মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদান করে আসছে সংস্থাটি।

তারই ধারাবাহিকতায় প্রতি বছরের ন্যায় গোপালনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি: ২০২৫ সালে শিক্ষাবৃত্তি প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিকেলে গোপালনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের আয়োজনে, ক্রেডিট ইউনিয়নের নিজস্ব কার্যালয়ে এই শিক্ষাবৃত্তি প্রধান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

২০২৫ সালে ৬ষ্ঠ শেণী থেকে এসএসসি পরিক্ষার্থী পর্যন্ত ৫০ জন মেধাবী ছাত্র-ছাত্রীকে ১ লক্ষ ২৪ হাজার টাকার শিক্ষাবৃত্তি প্রদান করেছে সংস্থাটি।

শিক্ষাবৃত্তি প্রদান অনুষ্ঠানে গোপালনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের চেয়ারম্যান আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে এবং মুজিবনগর উপজেলা সমবায় কর্মকর্তা মাহবুবুল হক এর সঞ্চালনায় শিক্ষাবৃত্তি প্রদান অনুষ্ঠানে, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল। প্রধান আলোচক হিসাবে উপস্থিত ছিলেন, জেলা সমবায় কর্মকর্তা (ভারপ্রাপ্ত) এনামুল হক। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মিজানুর রহমান, মুজিবনগর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মামুন উদ্দিন আল আজাদ, দি কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লীগ অব বাংলাদেশ (কাল্ব)এর জেলা ব্যবস্থাপক সুজয় কুমার বসু,গোপালনগর কো -অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের ব্যবস্থাপক আসলাম হোসেন।

অনুষ্ঠানে শিক্ষাবৃত্তি পাওয়া ছাত্রছাত্রী এবং তাদের অভিভাবক বৃন্দ ও গোপালনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।